গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০১৪.১৩- ১০৬

তারিখ : ১৯ ফাল্গুন ১৪৩১
০৪ মার্চ ২০২৫

**বিষয়: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং ওয়ার্ডের হিন্দু বিবাহ নিবন্ধক অঞ্জনা রানী ভৌমিকের লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে,

(ক) সাব-রেজিস্ট্রার, সূত্রাপুর এর ০৭/০২/২০২৪ খ্রি. তারিখের ১৮১ নং স্মারকমূলে প্রেরিত তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব অঞ্জনা রানী ভৌমিক ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং ওয়ার্ডের অধীনে বসবাস ও কার্যালয় পরিচালনার পাশাপাশি যুগপৎভাবে অধিক্ষেত্রের বাইরে ১৯ বি/৪ডি রিং রোড (৪র্থ তলা), ডাকঘর-মোহাম্মদপুর, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এ কার্যালয় পরিচালনা করায় তা হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ ও হিন্দু বিবাহ নিবন্ধন বিধিমালা, ২০১৩ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে কারণ দর্শানোর জবাব প্রদানের মাধ্যমে আত্মপক্ষ সমর্থনের সুযোগ গ্রহণ না করায় হিন্দু বিবাহ নিবন্ধক জনাব অঞ্জনা রানী ভৌমিকের হিন্দু বিবাহ নিবন্ধক লাইসেন্স বাতিল করা হলো।

(খ) উক্ত শূন্য অধিক্ষেত্রে বিধি মোতাবেক সংলগ্ন কোন অধিক্ষেত্রের হিন্দু বিবাহ নিবন্ধককে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক হিন্দু বিবাহ নিবন্ধক জনাব অঞ্জনা রানী ভৌমিক এর নিকট হতে বিবাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ঢাকা-কে নির্দেশ প্রদান করা হলো।

(গ) হিন্দু বিবাহ নিবন্ধন বিধিমালা ২০১৩ অনুযায়ী ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের শূন্যঘোষিত ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং ওয়ার্ডের প্রতিটির জন্য হিন্দু বিবাহ নিবন্ধক হিসেবে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবানপূর্বক দরখাস্ত ও সংশ্লিষ্ট কাগজাদিসহ প্রার্থীগণের তালিকা অত্র বিভাগে প্রেরণের জন্য জেলা রেজিস্ট্রার, ঢাকা-কে নির্দেশ প্রদান করা হলো।

০৪/০৩/২৫
(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং-১০.০০.০০০০.১৩১.১১.০১৪.১৩- ১০৬(০৮)

তারিখ : ১৯ ফাল্গুন ১৪৩১
০৪ মার্চ ২০২৫

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
০২। মাননীয় উপদেষ্টার মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
০৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
০৬। জেলা রেজিস্ট্রার, ঢাকা
০৭। জনাব অঞ্জনা রানী ভৌমিক, সাবেক হিন্দু বিবাহ নিবন্ধক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং ওয়ার্ড।
০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

০৪/০৩/২৫
(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮